খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/ ২০২৩)এর সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি,পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| সভার স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |
| তারিখ | | ০৫ নভেম্বর, ২০২৩। |
| সময় | : | বেলা ১১:০০ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-**'ক'**। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর কেডিএ'র ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টার ( অক্টোবর-ডিসেম্বর/২৩)এর কার্যক্রম সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করে সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করা হয় । আলোচ্যসুচী অনুযায়ী কেডিএ'র ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর ২য় কোয়ার্টারে বর্ণিত কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অগ্রগতি প্রতিবেদনের সাথে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে । কিন্তু বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা/প্রকল্প থেকে তা পাওয়া যায়না ।<br>**সিদ্ধান্তঃ** নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের সাথে সংশ্লিষ্টতা থাকলে প্রত্যেক শাখা প্রধানগন/পরিচালকবৃন্দ কোয়ার্টার ভিত্তিক নিম্নোক্ত ছকে সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন অগ্রগতি প্রতিবেদনের সাথে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো<br>**প্রমাণকঃ** নিম্নোক্ত ছকে শাখা প্রধান/প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন ( প্রমাণকসহ) ।<br>ছক<br>ক্রঃ নং \| সিদ্ধান্ত \| বাস্তবায়ন অগ্রগতি \| মন্তব্য | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দ। |
| ২. | যথাযথ প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন দাখিল | ২০২৩-২৪ অর্থ বছর থেকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ অনলাইনে সফটওয়ারের মাধ্যমে দাখিল পদ্ধতি চালু হয়েছে। বিগত ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন কোন কোন ক্ষেত্রে সঠিক সময়ে এবং যথাযথ প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট পাওয়া যায়নি । অনেকটা দায়সারা প্রতিবেদনও পাওয়া যায় । সভাপতি এ বিষয়ে সঠিক সময়ে যথাযথ প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণের নির্দেশ দেন।<br>**সিদ্ধান্তঃ** লক্ষ্যমাত্রার বিপরীতে প্রতি কোয়ার্টার সমাপ্তির সাথে সাথে যথাযথ প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো । | প্রকল্প পরিচালকবৃন্দ ও সকল শাখা প্রধান |
| ৩. | অংশীজনের (stakeholders) সাথে সভা। | শুদ্ধাচার কৌশল প্রণয়ন ,বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২৩-২৪ এ অংশীজনের সভায় **সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার আইন** সম্পর্কে আবশ্যিকভাবে আলোচনার কথা উল্লেখ করা হয়েছে । সভাপতি মহোদয় স্টেক হোল্ডারগণের সাথে | সিনিয়র বৈষয়িক অফিসার ,অথরাইজড অফিসার ও |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | সভা আয়োজনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখাকে উক্ত নির্দেশিকা অনুযায়ী সভা অনুষ্ঠানের নির্দেশনা প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ** স্টেক হোল্ডারগণের সাথে সভা আয়োজনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখাসমূহ আবশ্যিকভাবে **সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার আইন** এর আলোকে সভা অনুষ্ঠান করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**প্রমাণকঃ** কার্যবিবরণী, রেকর্ড নোটস , সভার হাজিরা এবং ছবি। | পরিকল্পনা অফিসার |
| ৪. | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রায় ২য় কোয়ার্টারে ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সে অনুযায়ী লক্ষ্যমাত্রায় উল্লেখিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয় সভাপতি নির্দেশ প্রদান করেন।<br>**সিদ্ধান্তঃ** ২য় কোয়ার্টারে ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তি সম্পন্ন করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**প্রমাণকঃ** সংশ্লিষ্ট কমিটির সভার কার্যবিবরণী। | সচিব |
| ৫. | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় অনুমোদিত ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে এবং কোয়ার্টার শেষে ক্রমপূঞ্জিত হারে অর্জন প্রদর্শন করতে হবে।।<br>**সিদ্ধান্তঃ** ক্রয় পরিকল্পনার বাস্তবায়নের ক্রমপূঞ্জিত শতকরা হারের আলোকে প্রমাণকসহ বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**প্রমাণকঃ** ক্রয় কার্য সংশ্লিষ্ট কাগজপত্র ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন ( উভয় ক্ষেত্রে সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত) | প্রকল্প পরিচালকগণ,নির্বাহী প্রকৌশলীবৃন্দ ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৬. | বাজেট বাস্তবায়ন | রাজস্ব ও উন্নয়ন বাজেটের জিওবি অংশের ব্যয় পরিকল্পনা মোতাবেক ৮৫% বাজেট বাস্তবায়নের জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২৩-২০২৪ এ নির্দেশনা রয়েছে।<br>**সিদ্ধান্তঃ** সে মোতাবেক বাজেট বাস্তবায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**প্রমাণকঃ** iBAS++ প্রতিবেদন। iBAS++ এর অন্তর্ভুক্ত না হলে বাজেট বাস্তবায়নের প্রমাণক হিসাবে হিসাব রক্ষণ কর্মকর্তার সার্টিফিকেট । | অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, প্রকল্প পরিচালকগণ,নির্বাহী প্রকৌশলীবৃন্দ ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| ৭. | প্রকল্পের PIC সভা আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর ২.৪ কার্যক্রম এর আলোকে **নির্ধারিত ছকে** প্রকল্পের PIC সভার কার্যবিবরণী যথা সময়ে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>**সিদ্ধান্তঃ** লক্ষ্যমাত্রা মোতাবেক PIC সভা করে উক্ত নির্দেশিকার আলোকে প্রমাণক কোয়ার্টার সমাপ্তির সাথে সাথে নৈতিকতা | প্রকল্প পরিচালকগণ ও নির্বাহী প্রকৌশলী(প্রকল্প) |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| | | কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। <br>**প্রমাণকঃ** আয়োজিত সভার হাজিরা এবং কার্যবিবরণী ( ছক মোতাবেক)। | |
| ৮. | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | টিওএন্ডই ভুক্ত কেডিএ'র যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার নিশ্চিতের প্রত্যয়ন পত্র চেয়ারম্যান মহোদয়ের প্রতিস্বাক্ষর সংগ্রহ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। <br>**সিদ্ধান্তঃ** গাড়ি যথাযথভাবে ব্যবহার নিশ্চিতের প্রত্যয়ন পত্র চেয়ারম্যান মহোদয়ের প্রতিস্বাক্ষর সংগ্রহ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। <br>**প্রমাণকঃ** প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন পত্র। | সচিব |
| ৯. | সেবা সপ্তাহ পালন | কেডিএ'র ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনায় ২য় কোয়ার্টারে ( সেপ্টম্বর-ডিসেম্বর/২০২৩)সেবা সপ্তাহ পালনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে এবং ইতোমধ্যে সেবা সপ্তাহ পালিত হয়েছে। সেবা সপ্তাহের প্রমাণকসমূহ বাস্তবায়নকারী শাখাসমূহ অগ্রগতি প্রতিবেদনের সাথে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। <br>**সিদ্ধান্তঃ** সেবা সপ্তাহের প্রমাণকসমূহ বাস্তবায়নকারী শাখাসমূহ অগ্রগতি প্রতিবেদনের সাথে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। <br>**প্রমাণকঃ** সেবা সপ্তাহ পালনের আদেশ,সেবার বিবরণী, ছবি। | সিঃ বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার, ও পরিকল্পনা অফিসার |
| ১০. | অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র নিষ্পত্তিকরণ | কেডিএ'তে বর্তমানে অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদানে সফটওয়্যার পদ্ধতি চালু রয়েছে।সফটওয়্যারটি আরো আধুনিক করা হয়েছে এবং কর্মকর্তা-কর্মচারীগণকে সফটওয়্যারের মাধ্যমে সম্পূর্ণ জবাবদিহিতার আওতায় আনা হয়েছে। বর্তমানে কর্মকর্তা-কর্মচারীগণের কার নিকট কত ঘন্টা নথি পেন্ডিং রয়েছে সে বিষয়টি চেয়াম্যান মহোদয় সরাসরি ডিজিটালি তত্ত্বাবধান করতে পারেন। সেবাগ্রহীতা সাথে সাথে sms এর মাধ্যমে noc সংক্রান্ত তথ্যাদি এবং ভূমির দাগ নম্বর অনুযায়ী ভূমির শ্রেণি ও অবস্থান এখন জনসাধারণ অনলাইনে অবহিত হতে পারেন। সুতরাং ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদানে কেডিএ যে যুগান্তকারী অবস্থান সৃষ্টি করেছে তা যথাযথভাবে উপস্থাপনে প্রতি কোয়ার্টারে প্রাপ্ত আবেদনের বিপরীতে কতগুলি ছাড়পত্র নিষ্পত্তি হলো, কত দিনের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে, কতটি অনিষ্পন্ন রইলো, কি কারণে নিষ্পন্ন করা সম্ভব হয়নি ইত্যাদি বিষয়াদির স্ক্রীণশটসহ প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ আবশ্যক মর্মে সভায় আলোচনা হয়। <br>**সিদ্ধান্তঃ** অনলাইনে ছাড়পত্র প্রদানের যাবতীয় তথ্যসহ প্রতিবেদন ও প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। <br>**প্রমাণকঃ** অনলাইনে ছাড়পত্র নিষ্পত্তির সফটওয়্যার প্রতিবেদন, স্ক্রীণশট ,লিফটলেট নমূনা ও প্রত্যয়ন। | পরিকল্পনা অফিসার |
| ১১. | অনলাইনে নকশা অনুমোদন আবেদন নিষ্পত্তিকরণ | কেডিএ'তে বর্তমানে অনলাইনে নকশা অনুমোদন পদ্ধতি চালু রয়েছে। প্রতি কোয়ার্টারে প্রাপ্ত আবেদনের বিপরীতে কতগুলি নকশা নিষ্পত্তি হলো, কতটি অনিষ্পন্ন রইলো, কি কারণে নিষ্পন্ন করা সম্ভব হয়নি | অথরাইজড অফিসার |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | তার কারণসহ বিস্তারিত প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ আবশ্যক মর্মে সভায় আলোচনা হয়। <br> **সিদ্ধান্তঃ** অনলাইনে নকশা অনুমোদন নিষ্পত্তিকরণের যাবতীয় তথ্যসহ ছক আকারে প্রতিবেদন এবং অনলাইন প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। <br> **প্রমাণকঃ** অনলাইনে নকশা অনুমোদন নিষ্পত্তিকরণের অনলাইন প্রতিবেদন, নমুনা ও নকশা অনুমোদনের প্রত্যয়ন পত্র। | |
| ১২. | DAP অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ জ্ঞাতকরণ: | DAP অনুযায়ী ভূমি ব্যবহারের ধরণ জ্ঞাতকরণের জন্য ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ২য় কোয়ার্টারে কেডিএ'র অধিক্ষেত্র এলাকার সকল পৌরসভায় DAP ম্যাপ স্থাপন লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সকল পৌরসভায় DAP ম্যাপ স্থাপন সম্পন্ন করার বিষয় সভায় আলোচনা হয়। <br> **সিদ্ধান্তঃ** লক্ষ্যমাত্রা অনুসারে সকল পৌরসভায় DAP ম্যাপ স্থাপন কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। <br> **প্রমাণকঃ** DAP ম্যাপ স্থাপনের আদেশ এবং এ সংক্রান্তে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র। | পরিকল্পনা অফিসার |
| ১৩. | সেবা সংক্রান্ত তথ্যের বহুল প্রচার। কেডিএর সেবা সংক্রান্ত তথ্যের বহুল প্রচার (দৈনিক পত্রিকা, কিয়স্কি স্থাপন, ক্যাবল টিভি স্ক্রল, লিফলেট বিতরণ) | কেডিএ'র প্লট বরাদ্দ, ভূমি ব্যবহার, ইমারত নির্মাণ সংশ্লিষ্ট আইনকানুন বিধিবিধান অনুযায়ী সেবা প্রদান ও জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে টিভিস্ক্রল, লিফলেট,বিজ্ঞাপন, প্যানাসাইন ইত্যাদির মাধ্যমে কেডিএ'র চলমান প্রচারনামূলক পদক্ষেপসমূহ এবং অফিসে স্থাপিত কিয়স্কির দ্বারা সেবা প্রত্যাশীদের কাংক্ষিত অবগতকরণ চলমান রয়েছে। <br> **সিদ্ধান্তঃ** উক্ত বিষয়গুলি প্রমাণক সহকারে অগ্রগতি প্রতিবেদনে সন্নিবেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো। <br> **প্রমাণকঃ** টিভিস্ক্রল ( ক্রিনশট), লিফলেট,বিজ্ঞাপন ( ফটোকপি), প্যানাসাইন ( কালার ছবি ) ও কিয়স্কির ( কালার ছবি) । | সিনিয়র বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার , পরিকল্পনা অফিসার ও সহকারি পরিচালক ( প্রশাসন) |

সর্বোপরি সভাপতি ২০২৩-২৪ অর্থ বছরের সফটওয়ারের মাধ্যমে অগ্রগতি প্রতিবেদন দাখিলের উল্লেখ করে যথাসময়ে কার্যক্রম সম্পন্ন করার জোর তাগিদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।